

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩৩.২০৭.১৭-২৪৯

তারিখ: ১৮ পৌষ ১৪২৮  
০২ জানুয়ারি ২০২২

### বিষয়: কারণ দর্শানোর নোটিশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে হারামাইন এভিয়েশন (হ.লা.১৫২২), 353, Cordova MOnoroma, Azampur Super Market, Dhakkhin Khan, মালিক হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য হজ এজেন্সি নিয়োগের সময় নিয়োগ আদেশের প্রদত্ত শর্তসমূহ যথাযথ পালন এবং পূরণে অঙ্গীকারবদ্ধ ছিলেন;

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ সাইফুল ইসলাম, গ্রাম-তুমুলিয়া, পো: দুরহাটি, থানা: কালিগঞ্জ, জেলা-গাজীপুর। আপনার এজেন্সি নিয়োগে প্রতারণার আশ্রয় নিয়েছেন মর্মে নিম্নরূপ অভিযোগ করেছেন।


“হারামাইন এভিয়েশন (হ.লা.১৫২২) এজেন্সি সাময়িক হজ লাইসেন্স পাওয়ার সময় ডুয়া সিভিল এভিয়েশন সনদ নিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জমা দিয়েছেন। পরে সিভিল এভিয়েশন সনদ পেয়েছে বটে। প্রথম সিভিল এভিয়েশন সনদ যাচাই করলে বিষয়টি ধরা পড়ে। ফলে হজ নীতিমালা লঙ্ঘিত হয়েছে”।

০৪। উক্ত বিষয়টি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের কর্তৃক যাচাই করা হয়েছে এবং অভিযোগ সঠিক বলে প্রমাণিত হয়েছে এবং

০৫। যেহেতু গত ২৯.১১.২০২১খ্রি. তারিখে ২২২ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

০৬। উক্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক নয় মর্মে বিবেচিত হওয়ায় হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন এর ধারা ১২ এর উপধারা ‘ক’ ভঙ্গ করে ধারা ১৩ এর উপধারা ১ অনুযায়ী শাস্তিযোগ্য হয়েছেন।

০৭। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন এর ধারা ১২ এর উপধারা ‘ক’ ভঙ্গ করে ধারা ১৩ এর উপধারা ১ অনুযায়ী আপনার পরিচালিত হারামাইন এভিয়েশন (হ.লা.১৫২২) এর লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২.০১.২০২২  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: ৯৫৪৬৫৯০  
e-mail: morahajsection@gmail.com

জনাব মো: আব্দুল খালেক আনসারী  
স্বত্বাধিকারী


Haramine Aviation (H.L.1522), 353, Cordova Monoroma,  
Azampur Super Market, Dhakkhin Khan

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩৩.২০৭.১৭-২৪৯

তারিখ: ১৮ পৌষ ১৪২৮  
০২ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৯. অফিস কপি

  
০২.০১.২০২২  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব